

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

জেলা পরিষদ অধিকার্যক্ষমতা

প্রজ্ঞাপন

তারিখ : ০৮ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ/২১ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.৪৮০০.০৪২.২৭.০০৯.১৭-৫৭১— যেহেতু, জনাব মোঃ কামরুজ্জামান, সদস্য, ওয়ার্ড
নং-৭, জেলা পরিষদ, কিশোরগঞ্জ এর বিবুদ্ধে করোনা ভাইরাস জনিত পরিস্থিতি মোকাবেলায় কিশোরগঞ্জ
জেলা পরিষদ কর্তৃক প্রদত্ত আগ সামগ্রী প্যাকেটিং ও বিতরণে অনিয়ম, কারচুপি ও আত্মসাধ এর অভিযোগ
এবং তার বিবুদ্ধে ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ২৫(১) ধারায় কিশোরগঞ্জ জেলার কটিয়াদী
মডেল থানায় ১২/৯৩নং মামলা বুজু ও পুলিশ কর্তৃক তার গ্রেফতার হওয়ার তথ্যাদি কিশোরগঞ্জ জেলা
পরিষদের গত ১৮-০৪-২০২০ তারিখের ৪৬.৪২.৪৮০০.০০৪.২৭.০০২.২০.৪৯ নং স্মারকে পাওয়া যায় যা
জেলা পরিষদ আইন, ২০০০ {জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ দ্বারা সংশোধিত} এর ১০(১)(৬)
ধারার অপরাধের শামিল;

যেহেতু, জনাব মোঃ কামরুজ্জামান, সদস্য, ওয়ার্ড নং-৭, জেলা পরিষদ, কিশোরগঞ্জ এর বিবুদ্ধে
জেলা পরিষদ আইন, ২০০০ {জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ দ্বারা সংশোধিত} এর ১০(১)(৬)
ধারার অপরাধের প্রাথমিক সত্যতা পাওয়ায় একই আইনের ধারা ১০ অনুযায়ী তাকে অপসারণের কার্যক্রম
শুরু করা হয়েছে;

(৬৯৯১)
মূল্য : টাকা ৮.০০

যেহেতু, জনাব মোঃ কামরুজ্জামান, সদস্য, ওয়ার্ড নং-৭, জেলা পরিষদ, কিশোরগঞ্জ এর বিবুদ্ধে জেলা পরিষদ আইন, ২০০০ {জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ দ্বারা সংশোধিত} এর ১০ ধারা অনুযায়ী অপসারণের কার্যক্রম আরম্ভ হওয়ায় তার দ্বারা জেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থ মর্মে সরকার মনে করে;

সেহেতু, জেলা পরিষদ আইন, ২০০০ {জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ দ্বারা সংশোধিত} এর ১০ক ধারা অনুযায়ী কিশোরগঞ্জ জেলা পরিষদের ৭নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ কামরুজ্জামানকে জনস্বার্থে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

ড. জুলিয়া মঙ্গন

উপসচিব।